

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৩৯

আগরতলা, ৩ জুন, ২০২৪

### ত্রিপুরা জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার ফল প্রকাশিত

ত্রিপুরা জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার ফল আজ প্রকাশিত হয়েছে। পিসিএম বিভাগে প্রথম হয়েছে আয়ুস্কর নাথ। দ্বিতীয় হয়েছে সাগ্নিক পুরকায়স্থ এবং তৃতীয় হয়েছে পার্থ সারথী রায়। পিসিবি বিভাগে প্রথম হয়েছে সায়ন মজুমদার, দ্বিতীয় হয়েছে তিলোত্তমা ঘোষ এবং তৃতীয় হয়েছে মুকথাং দেববর্মা। আজ সন্ধ্যায় শিক্ষা ভবনের কনফারেন্স হলে আয়োজিত সাংবাদিক সম্মেলনে ত্রিপুরা জয়েন্ট এন্ট্রান্স বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক রাজা চক্রবর্তী পরীক্ষার ফলাফল ঘোষণা করেন।

চেয়ারম্যান সাংবাদিকদের জানান, পরীক্ষার ফলাফল জয়েন্ট এন্ট্রান্স বোর্ডের ওয়েবসাইটে দেখতে পাওয়া যাবে। আগামীকাল স্থানীয় সংবাদপত্রেও তা প্রকাশিত হবে। তিনি জানান, এবছর পিসিএম বিভাগে ২,২৬৮ জন এবং পিসিবি বিভাগে ৪,৮৬৮ জন পরীক্ষায় বসেছিল। এরমধ্যে ছাত্রী ২,৮৫২ জন এবং ছাত্র ২,৫৫৪ জন।

\*\*\*\*\*